

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, আগস্ট ২২, ২০২১

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

প্রজ্ঞাপন

তারিখ, ৩০ জুন ২০২১

নং বিএসইসি/সিএমআরআরসি/২০১৯-৩৯২/২৬/প্রশাসন/১২৬—বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ডিপজিটরি আইন, ১৯৯৯ (১১৯৯ সনের ৬ নং আইন) এর ধারা ১৭ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, পূর্ব প্রকাশের পর, ডিপজিটরি প্রবিধানমালা, ২০০০ এবং ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

১। ডিপজিটরি প্রবিধানমালা, ২০০০ এর সংশোধনী নিম্নরূপ, যথা :—

(ক) প্রবিধি ৫ এর উপ-প্রবিধি (১) এর শেষে “।” এর স্থলে “ঃ” প্রতিস্থাপিত হইবে এবং এরপর নিম্নোক্ত শর্তাংশ সংযোজিত হইবে, যথা :—

“তবে শর্ত থাকে যে, আবেদনের সাথে আবেদন ফি বাবদ কমিশনের অনুকূলে পাঁচ লক্ষ টাকা পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট বা ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে জমা প্রদান করিতে হইবে।

আরও শর্ত থাকে যে, নিবন্ধন ফি বাবদ কমিশনের অনুকূলে এক কোটি টাকা পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট বা ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফারের মাধ্যমে জমা প্রদান করিতে হইবে”।

(খ) প্রবিধি ৫ এর উপ-প্রবিধি (৭) এর “পঞ্চাশ হাজার টাকার” শব্দগুলি “বিশ লক্ষ টাকার” শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে। উপ-প্রবিধি (৭) এর শেষে “।” এর স্থলে “ঃ” প্রতিস্থাপিত হইবে এবং এরপর নিম্নোক্ত শর্তাংশ সংযোজিত হইবে, যথা :—

“তবে শর্ত থাকে যে, বাৎসরিক ফি জমা প্রদানের ক্ষেত্রে প্রতিমাস বা উহার অংশ বিশেষ বিলম্বের জন্য পঞ্চাশ হাজার টাকা হারে বিলম্ব ফি প্রদান করিতে হইবে”।

(১২৬৫৯)

মূল্য : টাকা ৪.০০

(গ) প্রবিধি ৮ এর উপ-প্রবিধি (১) এর শেষে “।” এর স্থলে “ঃ” প্রতিস্থাপিত হইবে এবং এরপর নিম্নোক্ত শর্তাংশ সংযোজিত হইবে, যথা :—

“তবে শর্ত থাকে যে, ব্যাবসা চালুকরণ সার্টিফিকেট এর জন্য ফি বাবদ কমিশনের অনুকূলে বিশ লক্ষ টাকা পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট বা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে জমা প্রদান করিতে হইবে”।

(ঘ) প্রবিধি ৯ এর পর নিম্নোক্ত নতুন প্রবিধি ১০ সংযোজিত হইবে, যথা :—

**“১০। কমিশনের অনুকূলে ফি, ইত্যাদি জমা প্রদান—**

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের অনুকূলে বিভিন্ন প্রকার ফি, ইত্যাদি পে-অর্ডার, ব্যাংক ড্রাফট অথবা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে জমা প্রদান করা যাইবে।”

২। ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর সংশোধনী নিম্নরূপ, যথা :—

(ক) প্রবিধি ২৭ এর উপ-প্রবিধি (২) এর দফা (খ) এর স্থলে নিম্নোক্ত নতুন দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(খ) উক্ত আবেদনের ছকে উল্লিখিত দলিলপত্র ও তথ্যসহ কমিশনের অনুকূলে প্রদেয় ফি বাবদ নিম্নোক্ত অংকের পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট বা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফারের মাধ্যমে জমা প্রদান করিতে হইবে :

কাস্টডি অংশগ্রহণকারীর ক্ষেত্রে.....টাকা ২,০০,০০০  
ট্রেডিং অংশগ্রহণকারীর ক্ষেত্রে.....টাকা ৫০,০০০  
অন্যান্য অংশগ্রহণকারীর ক্ষেত্রে.....টাকা ১,০০,০০০”

(খ) প্রবিধি ৩০ এর উপ-প্রবিধি (২) এর শেষে “।” এর স্থলে “ঃ” প্রতিস্থাপিত হইবে এবং এর পর নিম্নোক্ত শর্ত সংযোজিত হইবে, যথা :—

“তবে শর্ত থাকে যে, নিবন্ধন ফি বাবদ কমিশনের অনুকূলে নিম্নোক্ত অংকের পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট বা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে জমা প্রদান করিতে হইবে :

কাস্টডি অংশগ্রহণকারীর ক্ষেত্রে.....টাকা ৫,০০,০০০  
ট্রেডিং অংশগ্রহণকারীর ক্ষেত্রে.....টাকা ১,০০,০০০  
অন্যান্য অংশগ্রহণকারীর ক্ষেত্রে.....টাকা ২,০০,০০০”

(গ) প্রবিধি ৩০ এর উপ-প্রবিধি (৬) এর স্থলে নিম্নোক্ত নতুন উপ-প্রবিধি (৬) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(৬) প্রত্যেক ক্ষেত্রে কমিশনের বরাবরে প্রদেয় নবায়ন ফি বাবদ নিম্নোক্ত অংকের পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট বা ইলেকট্রনিক্স ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে প্রদানসহ ডিপজিটরির মাধ্যমে তফসিল-৩ এ প্রদত্ত ছকে একটি আবেদন কমিশনে দাখিল করতঃ নিবন্ধন সনদ (ক) কাস্টডি অংশগ্রহণকারীর ক্ষেত্রে পাঁচ বছর, এবং (খ) ট্রেডিং ও অন্যান্য অংশগ্রহণকারীর ক্ষেত্রে এক বছরের জন্য নবায়ন করা যাইবে :

কাস্টডি অংশগ্রহণকারীর ক্ষেত্রে.....টাকা ৫,০০,০০০  
 ট্রেডিং অংশগ্রহণকারীর ক্ষেত্রে.....টাকা ১,০০,০০০  
 অন্যান্য অংশগ্রহণকারীর ক্ষেত্রে.....টাকা ২,০০,০০০”

(ঘ) প্রবিধি ৩০ এর উপ-প্রবিধি (৭) এর “টাকা ৫০০ হারে” শব্দগুলি “টাকা ৫,০০০ হারে” শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে।

(ঙ) প্রবিধি ৪৮ক এর পর নিম্নোক্ত নতুন প্রবিধি ৪৮খ সংযোজিত হইবে, যথা :—

“৪৮খ। কমিশনের অনুকূলে ফি, ইত্যাদি জমা প্রদান।—বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের অনুকূলে বিভিন্ন প্রকার ফি, ইত্যাদি পে-অর্ডার, ব্যাংক ড্রাফট অথবা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে জমা প্রদান করা যাইবে।”

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর আদেশক্রমে

প্রফেসর শিবলী রুবাইয়াত-উল-ইসলাম

চেয়ারম্যান।